# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৪৪

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২০. দু’ ঈদের সালাতে তাকবীর

بَاب التَّكْبِيرِ فِي الْعِيدَيْنِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحَجَّاجِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَعْدِ بْنِ عَمَّارِ بْنِ سَعْدٍ الْمُؤَذِّنِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّدِ بْنِ عَمَّارٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُكَبِّرُ فِي الْعِيدَيْنِ فِي الْأُولَى سَبْعًا وَفِي الْأُخْرَى خَمْسًا وَكَانَ يَبْدَأُ بِالصَّلَاةِ قَبْلَ الْخُطْبَةِ

বাংলা

১৬৪৪. আব্দুল্লাহ ইবনু মুহাম্মদ ইবনু আম্মারের দাদা (আম্মার বিন সা’দ) রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়া সাল্লাম দু’ ঈদের সালাতের প্রথম রাক’আতে সাত তাকবীর এবং দ্বিতীয় রাক’আতে পাঁচ তাকবীর দিতেন। আর তিনি খুতবার পূর্বেই সালাত আদায় করা শুরু করতেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যয়ীফ, আব্দুর রহমান ইবনু সা’দ যয়ীফ হওয়ার কারণে। আমি বলি: তবে এর শাহিদ হাদীস বর্ণিত আছে আব্দুল্লাহ ইবনু আমর, আয়িশা ও আমর ইবনু আওফ হতে, যা এর সনদকে শক্তিশালী করে। আল্লাহই ভাল জানেন।

তাখরীজ: ইবনু মাজাহ, ইকামাতিস সালাত ১২৭৭।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81926

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন